

২০২০ সাল থেকে শিশু বিবাহ প্রতিরোধে বাংলাদেশ সরকারের অজ্ঞিকার ও কর্মসূচির আলোকে ভোলা জেলায় “শিশু ও কিশোর-কিশোরীদের সুরক্ষা ত্বরান্বিতকরণ” নামে একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই কার্যক্রম বাস্তবায়ন করছে কোস্ট ফাউন্ডেশন এবং কারিগরী সহায়তা প্রদান করছে ইউনিসেফ বাংলাদেশ ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। ভোলা জেলার চারটি উপজেলায় (ভোলা সদর, লালমোহন, চরফ্যাশন ও মনপুরা) এই কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

## বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন সচেতনতা মূলক কার্যক্রম করছে কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা



mKtj i mtPzZvi Rb` 1098 Gi #= Kvi j Wm+Q #Ktkvi -#Ktkvi Kwti m`m`i v/

শিশু বিবাহ প্রতিরোধে ভোলা জেলায় কাজ করছে কোস্ট ফাউন্ডেশন। তারই ধারাবাহিকতায় ইউনিসেফ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় ভোলা জেলার চারটি উপজেলায় ১২০ টি কিশোর-কিশোরী ক্লাব গঠন করা হয়েছে। যেখানে ১২০০ জন কিশোর এবং ২৪০০ জন কিশোরী এই ক্লাবের কার্যক্রমের সাথে যুক্ত আছে। নিয়মিত ক্লাবের কার্যক্রম পরিচালনার পাশাপাশি তারা বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করে। ক্লাবের সদস্যরা যে সকল কার্যক্রম পরিচালনা করে তা হলো:

- মায়েদেরকে নিয়ে উঠান বৈঠক করে। সেখানে বাল্যবিবাহের ক্ষতিকর দিক গুলো তুলে ধরা হয়।
- জন্মের ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধন নিশ্চিত করার কাজে ইউনিসেফ পরিষদকে তথ্য দিয়ে সহযোগিতা করে।
- ক্লাবের কিশোরী সহ আশে পাশের অন্যান্য কিশোরীরাও যাতে নিয়মিত আয়রন ট্যাবলেট সেবন করে সে বিষয়ে সচেতন করে।
- কোথাও যদি বাল্যবিবাহের ঘটনা ঘটে তাহলে তা প্রতিরোধে প্রশাসনকে তথ্য দিয়ে সহযোগিতা করে।

ক্লাবের কার্যক্রম নিয়ে লালমোহন সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার জনাব রাসেলুর রহমান বলেন, “লালমোহন উপজেলার বিভিন্ন ইউনিয়নে মোট ২৭টি কিশোর-কিশোরী ক্লাব আছে। বেশ কিছু ক্লাব আমি পরিদর্শন করেছি। তারা যে কার্যক্রম গুলো করছে তা ভালো। ক্লাবের সদস্যরা বিভিন্ন সময় আমার সাথে যোগাযোগ করে। তারা যেমন বাল্যবিবাহ প্রতিরোধে কাজ করছে তেমনি ইভটিজিং এবং মাদক প্রতিরোধেও কাজ করছে। ক্লাব গুলোকে প্রয়োজনীয় সাপোর্ট দিলে তা সমাজ পরিবর্তনের উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে।”

### সেপ্টেম্বর, ২১ মাসে বাস্তবায়িত কার্যক্রম

কার্যক্রম	লক্ষ্য	অর্জন
কিশোর-কিশোরী ক্লাবের সভা	১২০	১০৮
উঠান-বৈঠক	৬	৭
কাজীর সাথে আলোচনা	৪	৪
পেয়ার লিডারদের সাথে অনলাইন মিটিং	৪	৪
বিভিন্ন সমিতির সদস্যদের সাথে আলোচনা	৩০	৩২

## স্বাস্থ্যসেবায় অনন্য উদ্যোগ নিলো জ্ঞানের আলো কিশোরী ক্লাব



KugDibiU #KubK t\_#K Arqi b U'vej U M&Y Ki tQ Kwti #Ktkvi xi v/

ভোলা সদর উপজেলার চরসামাইয়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডের মডেল ক্লাব “জ্ঞানের আলো”। প্রতি সাপ্তাহের বৃহস্পতিবার নিজেরা একত্রিত হয়ে জীবনের নানামুখি দিক নিয়ে আলোচনা করে। সে ক্ষেত্রে কখন জীবন দক্ষতা কখন জীবনে চলার পথের সমস্যা কখন সুস্থ জীবনের স্বাস্থ্য সুরক্ষার বিষয় নিয়ে আলোচনা ও করনীয় দিকগুলো নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। সেই সিদ্ধান্তের একটি ছিল কিশোরীদের স্বাস্থ্য পরামর্শ ও সেবা নিশ্চিত করতে কমিউনিটি ক্লিনিক থেকে সেবা গ্রহণ করা। ক্লিনিকের সিএইচসিপি-র সাথে যোগাযোগ করে সময় নির্ধারণ করবে কিশোর পেয়ার লিডার মোঃ মিরাজ, আর কিশোরীদের কে কমিউনিটি ক্লিনিকে নিয়ে এসে সেবা নিশ্চিত করবে কিশোরী লিডার শারমিন। সিদ্ধান্ত অনুযায়ী সিএইচসিপি-র সাথে যোগাযোগ করে প্রতি মঙ্গলবার সকাল ১০ টায় কিশোরীদের জন্য সেবা ও পরামর্শ প্রদানের জন্য নির্ধারণ করা হয়। সিএইচসিপি সরোয়ার আলোম কিশোরীদের স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন পরামর্শ দিবেন এবং তাদেরকে আয়রন ও কুমি নাষক টেবলেট দিবেন। তাদেরকে সুপারিশ করেন কোন গর্ভবতী মা থাকলে সে যেন সেবা নিতে কমিউনিটি ক্লিনিকে আসেন এ বার্তা সবার কাছে পৌঁছে দিতে। পরিশেষে সবাইকে উৎসাহ দিয়ে বলেন সকল কিশোরীদের যেন কৈশরকালীন সেবা নিশ্চিত করে।

### সেপ্টেম্বর মাসের কাজের কিছু ছবি:



কিশোর-কিশোরী ক্লাবের সভা



ক্লাবের সদস্যদের সাথে সিবিসিপি কমিটির সদস্যদের মতবিনিময়

এই নিউজলেটারটি প্রস্তুত করার জন্য বিভিন্ন কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা তথ্য দিয়ে সহযোগিতা করেছেন।

প্রয়োজনে যোগাযোগ করুন :

কোস্ট ফাউন্ডেশন

সার্কিট হাউজ রোড, ভোলা সদর, মোবাইল : ০১৭১০-০২৮৮০৪